ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

# আনন্দবাজার পত্রিকা



অঙ্কৃশের আউট নিয়ে বিতর্ক তুঙ্গে

হল জরিমানাও ১১



হানাহানি গোঘাটে, আহত আরামবাগের সাংসদও

তোপ অভিষেকের ৫



ধর্ষক-খুনি! শুনেই চটে গেলেন প্রেসিডেন্ট ট্রাম্প

হামলাকারীর ১০৫২ শব্দের ইস্তাহার ৭

ট্রোলের বিরুদ্ধে সরব তারকারা

আনন্দ প্লাস ১০



epaper.anandabazar.com কলকাতা ১৪ বৈশাখ ১৪৩৩ মঙ্গলবার ২৮ এপ্রিল ২০২৬ শহর সংস্করণ ৬.০০ টাকা ১২ পাতা

শাহের কলকাতা-নিন্দায় প্রলেপ দেওয়ার চেষ্টা মোদীর ■ জয় নিশ্চিত বলেই দাবি মমতার

## শপথে আসব, বলে গেলেন প্রধানমন্ত্রী

নিজস্ব সংবাদদাতা

ভাটপাড়া: কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ভাষণে কয়েক দিন আগে শোনা গিয়েছিল, কলকাতা 'বস্তির শহর' হয়ে গিয়েছে। কলকাতায় ভোটের ঠিক আগে সুর পাল্টে দেওয়ার চেষ্টা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর আশ্বাস, 'সিটি অব জয়' কলকাতাকে নতুন সরকার এসে 'সিটি অব ফিউচার' করে তুলতে উদ্যোগী হবে। পশ্চিমবঙ্গে ভোটের প্রচার শেষ করে পরিবর্তনের বিষয়ে প্রত্যয়ী প্রধানমন্ত্রী বলে গেলেন, নতুন বিজেপি সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে তাঁকে আসতেই হবে!

বিধানসভা নির্বাচন ঘোষণা হওয়ার পরে প্রথম ও দ্বিতীয় পর্বে জনসভা ও রোড-শো মিলিয়ে ১৯টি কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী মোদী। দ্বিতীয় দফার ভোটের প্রচার শেষ হওয়ার দিনে মোদী যখন গঙ্গার পূর্ব পাড়ে ভাটপাড়া বিধানসভা কেন্দ্রে সমাবেশ করছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শাহ সে দিন রোড-শো করেছেন গঙ্গার পশ্চিমে চন্দননগরে। তার আগে গঙ্গাসাগরে পুজো দিয়ে বেহালাতেও রোড-শো সেরেছেন শাহ। এই রাজ্যে ভোটের আগে চূড়ান্ত লগ্নে প্রধানমন্ত্রী

এর পর পৃঃ ৫ ▶



■ ব্যারাকপুরের জগদ্দলের সভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ছবি: সুদীপ ঘোষ

## অধিকার রক্ষায় ভোট দিতে আহ্বান

নিজস্ব সংবাদদাতা

এই বারে অধিকার রক্ষায় ভোট দিন, এমন আবেদনেই সোমবার ভোটের প্রচারে ইতি টানলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সে ভাবে সভা, বক্তৃতা না-করলেও দক্ষিণ কলকাতা জুড়ে ১২ কিলোমিটার পথ হেঁটে জনসংযোগ সেরেছেন শাসক শিবিরের প্রধান। তিন দফার পদযাত্রার প্রথমটি সুকান্ত সেতু থেকে শুরু করে সন্ধ্যায় শেষটি থেমেছে আলিপুরের গোপালনগরে এসে। এরই মধ্যে ৪ মে তারিখ ফলপ্রকাশের দিন জয় নিশ্চিত বলে ফের বার্তা দিয়ে তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকদের সবুজ আবির কিনে তা মজুত রাখার নিদান দিয়েছেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

প্রায় এক মাস তিন দিন ধরে শিলিগুড়ি থেকে সাগর পর্যন্ত কম-বেশি ২০০টি কর্মসূচি, ছিল তৃণমূল নেত্রীর। প্রথম দফার ভোটের আসনগুলির পরে, শেষ কয়েক দিন দ্বিতীয় দফার কেন্দ্রগুলি ঘুরে এ দিন দক্ষিণ কলকাতায় প্রচার শেষ করেছেন মমতা। সুকান্ত সেতু থেকে ঢাকুরিয়া, গোলপার্ক থেকে গড়িয়াহাট ও হাজরা থেকে গোপালনগর পর্যন্ত এ দিন তিন

এর পর পৃঃ ৫ ▶



■ যাদবপুরে পদযাত্রায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ছবি: রণজিৎ নন্দী

## 'দিদি মরেনি, লড়ছে', ভরসা চাইছেন 'ভাই'

তারকা কেন্দ্র

সন্দীপন চক্রবর্তী

● ভবানীপুর

প্রিয়নাথ মল্লিক রোডে ফুচকার এক ঠেক আছে। সে ফুচকার কদর করেন কালীঘাটের বিখ্যাত বাসিন্দা। তেঁতুল জলে কতটা টক থাকবে, আলুতে কতটুকু ঝাল হবে, বলে দেবেন। প্রথম বার মুখ্যমন্ত্রী পদে শপথের অনুষ্ঠানে বকুলবাগানের ফুচকাওয়ালাও ছিলেন দিদির অতিথি। পরিবারের লোকেরা এখন দোকান চালান, দিদি তাঁদের খবর রাখেন।

হরিশ মুখার্জি থেকে কাঁসারিপাড়ার দিকে ঘোরার মুখে গুরুদ্বারের প্রায় প্রত্যেক সর্দারজি-কে নামে চেনেন। ওই পথে হেঁটে গেলে এক বার দাঁড়াবেনই। এই ভোটের মরসুমে পদযাত্রায় তিনি বেরিয়েছেন দেখে গুরুদ্বার থেকে যোগ হয়ে যাচ্ছেন এক দল শিখ প্রতিনিধি। শাসক দলের প্রার্থীর জন্য নয়। তৃণমূল কংগ্রেসের চেয়ারপার্সনের জন্য নয়। রাজ্যের প্রশাসনিক কর্ণধারের জন্যও নয়। শুধুই দিদির জন্য।

মমতা বন্দ্যোপাধ্যায় এবং ভবানীপুরের এমন রসায়ন ধরতে গেলে এত শব্দ খরচ করতে হবে, যে চেষ্টা বৃথা। তৃণমূলের পরামর্শদাতা সংস্থার উদ্যোগে এই তালুকের নানা প্রান্তে 'ঘরের মেয়ে' পোস্টার পড়েছে ঠিকই। কিন্তু সে সব একেবারেই বাহুল্য। মমতার মমতা এবং মুখ্যমন্ত্রী হয়ে ওঠার দীর্ঘ লড়াই চোখের সামনে দেখেছে দক্ষিণ কলকাতার এই সব পাড়া। তবে তার পরেও তারা এ বার অন্য রকম একটা লড়াই দেখছে।

রাজ্যের মুখ্যমন্ত্রী কাগজে-কলমে ভবানীপুরের প্রার্থী। আসলে লড়ছেন ২৯৪টি কেন্দ্রে। তা-ও ঠিক বলা হল না! লড়াইটা আসলে আরও বড়। কেন্দ্রের সরকার, কেন্দ্রীয় নানা সংস্থা এবং তার উপরে নির্বাচন কমিশন— কার্যত একটা রাষ্ট্রশক্তির মুখোমুখি দাঁড়িয়েছেন তিনি। নেপথ্যের নানা শক্তির প্রতিভূ হয়ে সামনে আছে বিজেপি। এই ভয়ঙ্কর যুদ্ধে তাঁর ভবানীপুরের ভূমি আলগা হতে দিতে চাইছেন না তৃণমূল নেত্রী। এ বার তাঁকে দেখা যাচ্ছে ওয়ার্ডে ওয়ার্ডে ঘুরতে, বহুতল আবাসনে গিয়ে বাসিন্দাদের সঙ্গে কথা বলতে, রাস্তার ধারে আটপৌরে বাঙালি থেকে ভিন্ন ভাষার আবাসিকদের সঙ্গে মিশে যেতে। প্রচার শেষ করে বাড়ি ঢোকার পথে কালীঘাট মোড়ে তাঁকে বক্তৃতা করতে দেখে পটুয়াপাড়ার বৃদ্ধ বাসিন্দা বলছিলেন, "এত বছর ধরে দেখছি। অনেক আগের কথা আলাদা, ইদানীং

এর পর পৃঃ ৫ ▶



